

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২২০

কুমারঘাট, ১৪ ডিসেম্বর, ২০২৩

কুমারঘাট পঞ্চায়েত সমিতি ও বিএসির সাধারণ সভা

কুমারঘাট পঞ্চায়েত সমিতি ও বিএসির সাধারণ সভা সম্প্রতি কুমারঘাট পঞ্চায়েত সমিতির কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় চলতি অর্থবছরে বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনার পাশাপাশি ২০২৪-২৫ অর্থবছরের কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা হয়। সভায় উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস বলেন, কেন্দ্র ও রাজ্য সরকারের প্রকল্পগুলির সঠিক বাস্তবায়নের মাধ্যমে মানুষের জীবনমান উন্নয়নে সকলকে আন্তরিকতার সাথে কাজ করতে হবে। পর্যালোচনাসভায় উনকোটি জেলার জেলাশাসক রাজীব দত্ত কুমারঘাট রাজে এমজিএন রেগায় বিভিন্ন কাজ এবং প্রধানমন্ত্রী আবাস যোজনায় অসমাপ্ত ঘরের কাজগুলি সময়ের মধ্যে শেষ করার জন্য পরামর্শ দেন। সভার শুরুতে বিডিও ডা. সুনীপ ভৌমিক চলতি অর্থবছরে এমজিএন রেগা, স্বচ্ছ ভারত মিশন, প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে রূপায়িত কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় পূর্ত, জল সম্পদ, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, বিদ্যুৎ, মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের আধিকারিকগণ সংশ্লিষ্ট দপ্তরের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের তথ্য তুলে ধরেন। সাধারণ সভায় সভাপতিত্ব করেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস। উপস্থিত ছিলেন কুমারঘাট বিএসির চেয়ারম্যান তপনজয় রিয়াৎ, পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান বিকাশ কুমার দত্ত প্রমুখ।
